

## ASSIGNMENT SOLUTION

### CLASS 6

### SUB: BANGLA STUDY EXPRESS

#### উত্তর:

যে সকল শিশুর ইচ্ছিয়া ক্ষমতা বৃদ্ধি বা শারীরিক ক্ষমতা এতটাই ভিন্ন যে কারণে তাদের জন্য বিশেষ শিক্ষা বা বিশেষ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়, সেই সকল শিশুকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু বলা হয়। বিশেষ চাহিদা সম্পন্ন শিশু বলতে সেইসব শিশুদের বুঝায় সমস্যাগুলোর তুলনায় যাদের বুদ্ধি। সংবেদন, শারীরিক বৈশিষ্ট্য, ভাব বিনিময় ক্ষমতা ও সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য মাত্রার কম বা বেশি হয় তাতেই ব্যতিক্রমী শিশু বলে আখ্যায়িত করা হয়। অর্থাৎ যারা সাধারণের বাইরে তারাই বিশেষ চাহিদা সম্পন্ন শিশু। আমার বিদ্যালয়ে আমার শ্রেণিতে বিশেষ চাহিদা সম্পন্ন যে সকল সহপাঠী রয়েছে তাদের প্রতি আমার আচরণ যে রূপ হওয়া উচিত বা অনুচিত তা নিম্নে একটি ছকের মাধ্যমে প্রকাশ করা হলো:

ক্রমিক নং	বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতি আমার আচরণ যে রূপ হওয়া উচিত	বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতি আমার আচরণ যে রূপ হওয়া অনুচিত
1	বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রথম সারিতে বসানোর ব্যবস্থা করা।	তাদেরকে পেছনে রেখে সামনের সারিতে বসা।
2	কিছু না বুঝলে অথবা বুঝতে অসুবিধা হলে বুকিয়ে দেওয়া।	তাদের কাছে কোন কিছু কঠিনভাবে উপস্থাপন করা।
3	সহজ, সরল ও সাবলীল ভাষায় তাদের সাথে কথা বলা	তাদেরকে প্রতিবন্ধী কিংবা অটিস্টিক বলা।
4	তাদেরকে যে কোন সমস্যায় সর্বোচ্চ সহযোগিতা করা।	তাদের যে কোন সমস্যায় এগিয়ে না আসা।
5	তাদের কোনো অসুস্থতা দেখা দিলে বিলম্ব না করে শিক্ষকদের জানানো।	তাদের সাথে বক্তৃৎপূর্ণ ব্যবহার না করা এবং বিপদে দূরে থাকা।
6	তাদেরকে সব সময়ে হাসিখুশি তথা বিনোদনের মধ্যে রাখা।	তাদেরকে অবহেলিত মনে করে উপেক্ষা করা।
7	শ্রেণির অন্যান্য শিক্ষার্থীরাও যেন তাদের প্রতি সহানুভূতিশীল হতে পারে সে ব্যবস্থা করা।	তাদেরকে সমাজের বোকা মনে করা তথা অন্যান্য শিক্ষার্থীদের অবজ্ঞায় উৎসাহিত করা।
8	তাদের মতামতের গুরুত্ব দেওয়া তাদের প্রাকৃতিক দৃষ্টিভঙ্গির প্রতি গুরুত্ব আরোপ করা	তাদের মতামতের প্রতি গুরুত্ব না তাদের প্রাকৃতিক দৃষ্টিভঙ্গি বা ইচ্ছার বিরুদ্ধে কাজ করা।
9	তাদের একান্ত নিজস্ব অনুভূতির প্রতি সহমত পোষণ করা।	তাদের একান্ত নিজস্ব অনুভূতিতে আঘাত দেওয়া।
10	তাদেরকে কথা বলার বা সামনে থেকে দেখার সুযোগ দেয়া।	তাদেরকে কথা বলতে এবং দেখতে বাধা দেওয়া।
11	তাদের সাথে সর্বদা ভালো আচরণ করা।	তাদের সাথে খারাপ আচরণ করা।

উপরিউক্ত উচিত এবং অনুচিত পদক্ষেপগুলো সঠিক ভাবে পালন করতে পারলে সমাজ থেকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও সাধারণ মানুষের মধ্যে যে বৈষম্য রয়েছে তা দূরীভূত হবে।